



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৬৯)জাতীয়:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৯/৪৩৫৩

তারিখ : ০৬/১১/২০১৮

২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এলএলবি শেষবর্ষ ভর্তি কার্যক্রমের মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিয়ম সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এলএলবি /এলএলবি শেষবর্ষ ভর্তি কার্যক্রমের মেধা তালিকা ১২ নভেম্বর ২০১৮ তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS ([nu<space>atpm<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে](http://www.nu.ac.bd/admissions)) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ে যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৯ সালের মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামের কোন কোর্সে ভর্তি হতে পারবে না। একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে। এ ভর্তি কার্যক্রমের ক্লাস ০১ জানুয়ারি ২০১৯ তারিখ থেকে শুরু হবে।

২০১৯ সালের মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম প্ররোচনের তারিখ: মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের ভর্তির আবেদন ফরম প্ররোচনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Masters Tab Select করে Masters Professional Applicant's Login অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর রোল ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।	১২/১১/২০১৮ থেকে ১৮/১১/২০১৮
২।	প্রার্থীর পূরণকৃত চূড়ান্ত ভর্তি ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফিসহ (ভর্তি নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ:	১৩/১১/২০১৮ থেকে ১৯/১১/২০১৮
৩।	কলেজ কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের ভর্তি নিয়মের তারিখ:	১৩/১১/২০১৮ থেকে ২২/১১/২০১৮
৪।	কলেজ কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের রেজিস্ট্রেশন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ (ভর্তি নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী) সোনালী সেবার মাধ্যমে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Master's Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০১৯ সালের ভর্তি নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী “রেজিস্ট্রেশন ফি” খাতের সঞ্চলী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৫/১১/২০১৮ থেকে ২৮/১১/২০১৮

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

তীন (তারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়

ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯

ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৬৯)জাতীয়:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৯/৪৩৫৩

তারিখ : ০৬/১১/২০১৮

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যাপ্সেল দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৮